বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# একাডেমি বার্তা

বিসিএস প্রশাসন একাডেমির ত্রৈমাসিক তথ্যপ্রবাহ

মুজিব শতবর্ষ MUJIB 100

www.bcsadminacademy.gov.bd | এপ্রিল-জুন ২০২১ | সংখ্যা-৪

## স ম্পা দ কী য়

বছরব্যাপী চলমান করোনা পরিস্থিতির মাঝে সামাজিক দূরত্ব বজায় রেখে সশরীরে উপস্থিতির মাধ্যমে এবং অনলাইনে সুনিপুণভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার সক্ষমতা অর্জন করেছে বিসিএস প্রশাসন একাডেমি ।

এপ্রিল থেকে জুন ২০২১ মেয়াদে একাডেমিতে আয়োজিত ৭১তম বুনিয়াদি কোর্সের সমাপনী, পাবলিক প্রকিওরমেন্ট প্রশিক্ষণ, ২৬তম এবং ২৭তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সসহ ১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্সের শিক্ষা সফর, বাৎসরিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জন পুরস্কার এবং শুদ্ধাচার পুরস্কার সহ অন্যান্য উন্নয়ন কার্যক্রমের তথ্য সম্ভার নিয়ে প্রকাশিত হয়েছে একাডেমি বার্তার ৪র্থ সংখ্যা।

করোনা মহামারীর দ্বিতীয় ঢেউ প্রতিরোধকল্পে সরকারি সিদ্ধান্ত অনুসারে ১৩ এপ্রিল ২০২১ বিসিএস প্রশাসন একাডেমির আবাসিক ও অনাবাসিক সব ধরনের প্রশিক্ষণ কার্যক্রম স্থগিত হয়ে যায়। প্রশিক্ষণার্থীদের পদচারনায় মুখরিত একাডেমির আঙ্গিনা হারায় চিরায়ত প্রাণচাঞ্চল্য। বাৎসরিক কর্মপরিকল্পনা অনুসারে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে সীমিত পরিসরে সামাজিক দূরত্ব বজায় রেখে অফিস করেছেন একাডেমির অনুষদ সদস্যবৃন্দ এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। বাৎসরিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত নিয়মিতভাবে ওয়ার্ক ফ্রম হোম আর অনলাইন সভার মাধ্যমে দাপ্তরিক সিদ্ধান্তসমূহ যথাসময়ে সম্পাদন করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে প্রায় দু মাস বন্ধ থাকার পর ৬ জুন ২০২১ স্থগিতকৃত ১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীরা একাডেমিতে ফিরে আসেন এবং অনলাইন ক্লাসে অংশগ্রহণ করার মাধ্যমে পুনরায় প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়।

মহামারীর প্রতিকূলতাকে পিছনে ফেলে একাডেমি বার্তা প্রকাশের সাথে জড়িত বিসিএস প্রশাসন একাডেমির সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ।




৭১তম বুনিয়াদি প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান



বিসিএস প্রশাসন একাডেমির শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠান




বিসিএস প্রশাসন একাডেমির বাৎসরিক কর্মসম্পাদন চুক্তির প্রণোদনা পুরস্কার অনুষ্ঠান

# ২৬তম এবং ২৭তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স




উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সের সমাপনী অনুষ্ঠান



উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সের সনদ প্রদান অনুষ্ঠান

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে ১৬ মার্চ হতে ৩১ মার্চ ২০২১ অনুষ্ঠিত হয় ২৬তম এবং ২৭তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স। উপসচিব (প্রশাসন ক্যাডার বর্হিভূত) পদে পদোন্নতিপ্রাপ্ত ৭৪ জন সিভিল সার্ভিস কর্মকর্তার জন্য এ কোর্সের আয়োজন করা হয়। ১৬ মার্চ ২০২১ এ কোর্সের উদ্বোধনী আয়োজনে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব শেখ ইউসুফ হারুন। সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) বদরুন নেছা।

৩১ মার্চ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অনলাইনে সংযুক্ত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, বিশেষ অতিথি ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিপিটি উইং-এর অতিরিক্ত সচিব ড. মোঃ সহিদউল্যাহ।

প্রশিক্ষণে অংশগ্রহণকারী ৭৪ জন পদোন্নতি প্রাপ্ত উপসচিব ১৫ দিনের এ প্রশিক্ষণে ৬টি মডিউলের আওতায় ৬০টি সেশনে অংশগ্রহণ করেন। সরকারের নীতিনির্ধারণী পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সহায়ক সমসাময়িক বিষয়সমূহ, যেমন- প্রশাসনিক আইন, বিধিমালা, ই-গভর্নেন্স, সকারি ক্রয় প্রক্রিয়া, পাবলিক প্রাইভেট পার্টনারশিপ, প্রোজেক্ট ম্যানেজমেন্ট এর উপর সংক্ষিপ্ত ধারণা অর্জন করেন।




২৭তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স

# ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান




৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সুভেনিরের মোড়ক উন্মোচন




প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করছেন একাডেমির রেক্টর বদরুন নেছা

৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিসহ ৬টি ভেন্যুতে ৮ এপ্রিল ২০২১ আয়োজিত হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গণভবন থেকে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে যুক্ত হন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিসিএস প্রশাসন একাডেমি প্রান্তে সংযুক্ত ছিলেন রেক্টর বদরুন নেছা, একাডেমির অনুষদ সদস্যবৃন্দ এবং ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের ৪০জন প্রশিক্ষণার্থী। বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের মূল ভেন্যুতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, সিনিয়র সচিব শেখ ইউসুফ হারুন, বিপিএটিসির রেক্টর মোঃ রকিব হোসেন এনডিসি এবং অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে বিপিএটিসিতে প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি এবং বিসিএস প্রশাসন একাডেমি প্রান্তে রেক্টর বদরুন নেছা। বিসিএস একাডেমি প্রান্তে স্বাগত বক্তব্য প্রদান করেন কোর্স পরিচালক মোঃ হামিদুল হক। প্রশিক্ষণার্থীদের মধ্য হতে অনুভূতি ব্যক্ত করেন রোকসানা ইসলাম সুজানা, সহকারী পুলিশ সুপার (ডিএমপি) ও মোঃ খলিলুর রহমান, সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ। এরপর ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সুভেনিরের মোড়ক উন্মোচন করা হয়।

## প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতাধীন সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে 'বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)' কর্মসূচির প্রভাব মূল্যায়নের জন্য বিসিএস প্রশাসন একাডেমি পরিচালিত গবেষণা কার্যক্রম

সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি অনন্য উদ্যোগ হিসেবে "বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)" কর্মসূচির প্রভাব মূল্যায়নের গবেষণা পরিচালনার জন্য বিসিএস প্রশাসন একাডেমিকে দায়িত্ব প্রদান করা হয়েছে। এ কর্মসূচির আওতায় পার্বত্য চট্টগ্রামের ৩টি জেলা ব্যতীত বাংলাদেশের আটটি বিভাগের ৫৬টি জেলা হতে উপকারভোগী ক্ষুদ্রগোষ্ঠীর জীবনমান সংক্রান্ত তথ্য সংগ্রহের কাজ চলমান আছে।



'বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)' কর্মসূচির প্রভাব মূল্যায়নের জন্য মাঠ পর্যায়ে শ্রীমঙ্গলের খাসিয়া পল্লীতে গবেষক দল



## আইন ও প্রশাসন কোর্সের অধিবেশনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কে এম আলী আজম

৭ জুন ২০২১ প্রশিক্ষণার্থীদের সাথে অনলাইনে মতবিনিময় করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের নবনিযুক্ত সিনিয়র সচিব কে এম আলী আজম। এসময় তিনি প্রশিক্ষণের মাধ্যমে নিজেদের দক্ষ কর্মকর্তা হিসেবে গড়ে তোলার নির্দেশনা প্রদান করেন। তিনি চাকরি জীবনের শুরু থেকেই নৈতিকতা, মূল্যবোধ ও শুদ্ধাচার চর্চা অব্যহত রাখার পরামর্শ প্রদান করেন।

সিনিয়র সচিব কে এম আলী আজম ২০ ডিসেম্বর ১৯৮৯ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসে যোগদান করেন। তিনি বিসিএস প্রশাসন ক্যাডারের অষ্টম ব্যাচের সদস্য। তাঁর নিজ জেলা বাগেরহাট। ইতোপূর্বে তিনি জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ, কমিশনার, ঢাকা বিভাগ, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও সচিব, শিল্প মন্ত্রণালয় হিসেবে দায়িত্বপালন করেছেন।



ইংলিশ ল্যাঙ্গুয়েজ প্রফিসিয়েন্সি কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান

## ইংলিশ ল্যাঙ্গুয়েজ প্রফিসিয়েন্সি প্রশিক্ষণ কোর্স

বিসিএস প্রশাসন একাডেমির সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের আওতায় আয়োজিত হয় অষ্টম এবং নবম ইংলিশ ল্যাঙ্গুয়েজ প্রফিসিয়েন্সি প্রশিক্ষণ কোর্স। আইন ও প্রশাসন কোর্সসমূহের ১ম হতে ১০ম স্থান অধিকারী প্রশিক্ষণার্থীগণের জন্য এই কোর্স আয়োজন করা হয়। এ কোর্সের কোর্স উপদেষ্টা ছিলেন একাডেমির রেক্টর (সচিব) বদরুন নেছা। কোর্স পরিচালক ছিলেন মোঃ নজরুল ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং সহকারী কোর্স পরিচালক ছিলেন ড. মোঃ মঈন উদ্দিন, উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)। ব্রিটিশ কাউন্সিলের অভিজ্ঞ প্রশিক্ষকগণ ১৫ দিন ব্যাপি এ প্রশিক্ষণ কোর্সে রির্সোস পার্সন হিসেবে সেশন পরিচালনা করেন। প্রশিক্ষণার্থীদের আইইএলটিএস এর দক্ষতা বৃদ্ধিতে এই কোর্সটি সহায়ক ভূমিকা পালন করে।

## যোগব্যায়াম কর্মশালা

প্রশিক্ষণার্থীদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য ভালো রাখার উদ্দেশ্যে এবং তাঁদের যোগ ব্যায়ামে উৎসাহ প্রদান করার লক্ষ্যে বিসিএস প্রশাসন একাডেমিতে মার্চ ২০২১ এ দুই দিনব্যাপী 'যোগব্যায়াম ওরিয়েন্টেশন কর্মশালা' আয়োজিত হয়। ১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ এ কর্মশালায় অংশগ্রহণ করেন। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন একাডেমির রেক্টর (সচিব) বদরুন নেছা।



১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দের অংশগ্রহণে যোগব্যায়াম সেশন

# বিসিএস প্রশাসন একাডেমির শুদ্ধাচার পুরস্কার ২০২০-২১ প্রদান অনুষ্ঠান




শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন
একাডেমির রেক্টর বদরুন নেছা



জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ গ্রহণ করেন
মোঃ হামিদুল হক, পরিচালক (প্রশাসন)

জাতীয় শুদ্ধাচার নীতিমালা ২০১৭ অনুসারে প্রজাতন্ত্রের কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে ১০ জুন ২০২১ বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে আয়োজিত হয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ প্রদান অনুষ্ঠান। সরকারি কর্মকর্তাদের মধ্যে শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়। এরই ধারাবাহিকতায় ২০১৭ সালে ঘোষিত হয় জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা। সরকারি প্রতিষ্ঠানে কর্মরত চাকরিজীবীদের দুইটি ক্যাটাগরিতে এ পুরস্কার প্রদান করা হয়। সরকারি দপ্তরের ১ম গ্রেড থেকে ১০ম গ্রেডে কর্মরত সরকারি কর্মচারীদের মধ্য হতে ১জন এবং ১১তম থেকে ২০ তম গ্রেডে কর্মরত কর্মচারীদের মধ্য হতে ১জনকে শুদ্ধাচার পুরস্কারে ভূষিত করা হয়।
বিসিএস প্রশাসন একাডেমিতে ১ম গ্রেড থেকে ১০ গ্রেডে কর্মরত কর্মচারীদের মধ্য থেকে একাডেমির পরিচালক (প্রশাসন) মোঃ হামিদুল হক (যুগ্মসচিব)-কে শুদ্ধাচার পুরস্কারে ভূষিত করা হয়। এছাড়া ১১ম গ্রেড থেকে ২০ গ্রেডের কর্মরত কর্মচারীদের মধ্য থেকে বিসিএস প্রশাসন একাডেমির অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক মোঃ মমিজুল ইসলাম শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ প্রাপ্ত হন। মূল বেতনের সমপরিমাণ আর্থিক প্রণোদনা, সনদপত্র ও ক্রেস্ট দিয়ে পুরস্কার প্রাপ্তদের অভিনন্দিত করেন অনুষ্ঠানের প্রধান অতিথি একাডেমির রেক্টর (সচিব) বদরুন নেছা। মোঃ হামিদুল হক (যুগ্মসচিব) তাঁর বক্তব্যে বলেন, শুদ্ধাচার পুরস্কার প্রদান কৌশলপত্রেই উল্লেখ আছে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ার লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে। তিনি বলেন, শুদ্ধাচার আইন দ্বারা বাধ্য করার বিষয় নয়। আমাদের উপর অর্পিত দায়িত্ব যথাসময়ে এবং যথাযথভাবে পালন করাই হচ্ছে শুদ্ধাচার। তিনি তাঁর অর্জিত জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০২০-২১ রেক্টর মহোদয় সহ সকল সহকর্মীর প্রতি উৎসর্গ করেন, যারা তাঁকে সর্বাত্মকভাবে সহায়তা করেছেন। উল্লেখ্য, মোঃ হামিদুল হক ২০১৯-২০২০ অর্থ বছরেও রাজশাহী বিভাগের আটটি জেলার জেলা প্রশাসকদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত হন।
পুরস্কারপ্রাপ্ত কর্মচারী মোঃ মমিজুল ইসলাম তাঁর অনুভূতি প্রকাশে বলেন, তাঁর পরিবার তাঁকে সবসময় ব্যক্তিজীবন ও পেশাগত জীবনে শুদ্ধাচার চর্চায় উৎসাহ দিয়েছেন। তিনি অর্জিত পুরস্কার তাঁর সহধর্মিনীকে উৎসর্গ করেন। একাডেমির শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) এবং সরকারের অতিরিক্ত সচিব মাহবুব-উল-আলম। একাডেমির অনুষদ সদস্য এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



শুদ্ধাচার পুরস্কার গ্রহণ করছেন মোঃ মমিজুল ইসলাম
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক



শুদ্ধাচার পুরস্কার প্রদান অনুষ্ঠানে উপস্থিত কর্মকর্তা কর্মচারীবৃন্দ

## ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের সমাপনী সাংস্কৃতিক সন্ধ্যা

সৃজনশীলতার চর্চা এবং দেশীয় ঐতিহ্যবাহী শিল্পকলাচর্চাকে উৎসাহিত করার প্রতিপাদ্যকে সামনে রেখে বিসিএস প্রশাসন একাডেমিতে প্রশিক্ষণরত ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের সমাপনী সাংস্কৃতিক সন্ধ্যা (মেস রজনী) অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবির বিন আনোয়ার। সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) বদরুন নেছা। সাংস্কৃতিক সন্ধ্যায় প্রশিক্ষণার্থীরা বাংলাদেশের বিভিন্ন লোকজ এবং



শুভেচ্ছা স্মারক গ্রহণ করছেন সিনিয়র সচিব কবির বিন আনোয়ার

নাগরিক সংস্কৃতি তুলে ধরেন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে মানসিক বিকাশে সৃজনশীলতাচর্চা অব্যহত রাখতে প্রশিক্ষণার্থীদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানের শেষভাগে প্রধান অতিথির হাতে শুভেচ্ছা স্মারক তুলে দেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর বদরুন নেছা।



বিতর্ক প্রতিযোগিতার বিজয়ী দলের পুরস্কার গ্রহণ

## সাংস্কৃতিক এবং ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

জ্ঞানচর্চার কেন্দ্রে অনুকূল সাংস্কৃতিক পরিবেশ একটি অন্যতম অনুসঙ্গ। সেই লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি প্রশিক্ষণের সহশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে সাংস্কৃতিক এবং ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করে। ৫ এপ্রিল ২০২১ তারিখে ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সাংস্কৃতিক এবং ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) বদরুন নেছা এবং সভাপতিত্ব করেন কোর্স পরিচালক মোঃ হামিদুল হক। এসময় ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের মাঝে খেলাধুলার বিভিন্ন ইভেন্ট, বিতর্ক প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার প্রদান করা হয়।

## একাডেমির উন্নয়ন কাজ পরিদর্শন



একাডেমির বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করছেন রেক্টর (সচিব) বদরুন নেছা

১০ জুন ২০২১ বিসিএস প্রশাসন একাডেমির সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের আওতায় চলমান ৩ কোটি ১৭ লাখ টাকার বিভিন্ন উন্নয়ন কাজের অগ্রগতি পরিদর্শন করেন একাডেমির রেক্টর (সচিব) বদরুন নেছা। তিনি নব নির্মিত ভিআইপি ওয়েটিং রুম, পুরাতন ভবনে লিফট স্থাপন করা সহ কক্ষসমূহের সংস্কার কাজ সরেজমিনে প্রত্যক্ষ করেন। এসময় অনুষদ সদস্যবৃন্দ তাঁর সাথে উপস্থিত ছিলেন।

## ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের ফিডব্যাক সেশন




ফিডব্যাক সেশনে বক্তব্য প্রদান করছেন ড. মোহাম্মদ কামরুজ্জামান

৪ এপ্রিল ২০২১ তারিখে ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের সাথে কোর্স ম্যানেজমেন্ট টিমের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এ সময় প্রশিক্ষণার্থীগণ বিসিএস প্রশাসন একাডেমির প্রশিক্ষণ কার্যক্রম এবং বিভিন্ন সেবা সম্পর্কিত অভিমত ব্যক্ত করেন। বিসিএস প্রশাসন একাডেমির প্রশিক্ষণ এবং সেবার মান উন্নয়নে ফিডব্যাক সেশন অত্যন্ত কার্যকরী ভূমিকা রাখে।

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণোদনা পুরস্কার ২০২১ প্রদান অনুষ্ঠান

বিসিএস প্রশাসন একাডেমিতে ৩ জুন ২০২১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণোদনা পুরস্কার ২০২১ প্রদান অনুষ্ঠান আয়োজন করা হয়। ২০২০-২০২১ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা পূরণে অগ্রণী ভূমিকা রাখায় এ পুরস্কার অর্জন করেন একাডেমির প্রশিক্ষণ সহকারী মোঃ আব্দুল বারেক। তাঁকে আর্থিক প্রণোদনা ও সনদ প্রদান করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর এবং সরকারের সচিব বদরুন নেছা। স্বাগত বক্তব্য প্রদান করেন পরিচালক প্রশাসন মোঃ হামিদুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন একাডেমির এমডিএস (প্রশিক্ষণ ও প্রশাসন) মোঃ মাহবুব-উল-আলম। মঞ্চে আরো উপস্থিত ছিলেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মোঃ নজরুল ইসলাম।



বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রণোদনা পুরস্কার প্রদান করছেন প্রশিক্ষণ সহকারী মোঃ আব্দুল বারেক

## আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কর্মীদের মাঝে পোশাক বিতরণ

৩ জুন ২০২১ বিসিএস প্রশাসন একাডেমিতে আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত ৭৮জন কর্মীকে পোশাক বিতরণ করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর এবং সরকারের সচিব বদরুন নেছা। কর্মীদের মধ্য হতে দুজন নারী এবং দুজন পুরুষ সদস্য প্রধান অতিথির নিকট হতে পোশাক গ্রহণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন একাডেমির এমডিএস (প্রশিক্ষণ ও প্রশাসন) মোঃ মাহবুব-উল-আলম।



বিসিএস প্রশাসন একাডেমিতে আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কর্মীকে পোশাক প্রদান অনুষ্ঠান



প্রশিক্ষণার্থীদের রামপাল তাপবিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

## সুন্দরবন ও রামপাল তাপ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

চারদিনের শিক্ষাসফরে ১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের মেগা উন্নয়ন প্রকল্প, রামপাল তাপ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করার মাধ্যমে সরকারের সাম্প্রতিক উন্নয়ন কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়। শিক্ষা সফরের অন্যতম একটি উদ্দেশ্য ছিল নিজ দেশে সম্ভাবনার শিকড়কে জানা। এই শিক্ষাসফরে প্রশিক্ষণার্থীগণ বাংলাদেশে অবস্থিত বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বন সুন্দরবনের কচিখালী, দুবলারচর, করমজল ইকো ট্যুরিজম কেন্দ্র, কটকা, হিরন পয়েন্টসহ বিভিন্ন উল্লেখযোগ্য পর্যটন পয়েন্ট পরিদর্শন করেন।



## বিসিএস প্রশাসন একাডেমির প্রকাশনা কার্যক্রম

মাননীয় প্রধানমন্ত্রী বিসিএস প্রশাসন একাডেমির গবেষণা ও প্রকাশনা নীতিমালার খসড়া সদয় অনুমোদন করেছেন। আগামী ২০২১-২০২২ অর্থ বছর হতে বিসিএস প্রশাসন একাডেমির গবেষণা নীতিমালা ২০২১ এবং বিসিএস প্রশাসন একাডেমির প্রকাশনা নীতিমালা ২০২১ কার্যকর হতে যাচ্ছে।

## সংক্ষিপ্ত সংবাদ



বক্তব্য প্রদান করেন ডিম্যাপ-সিডিপি প্রজেক্টের দলনেতা রিচার্ড লরেঞ্জ

### পাবলিক প্রকিওরমেন্ট প্রশিক্ষণ

২০২১ সাল হতে ২০২৩ সালের মধ্যে সরকারি বিভিন্ন দপ্তরে কর্মরত ৬০০ জন কর্মকর্তাকে বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে পাবলিক প্রকিওরমেন্ট বিষয়ক তিনদিনের সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে আইটিসি আইএলও এর সাথে চুক্তি সম্পাদন করেছে বিসিএস প্রশাসন একাডেমি। জানুয়ারি হতে মার্চ পর্যন্ত ৩টি ব্যাচে শতাধিক কর্মকর্তার প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বিভিন্ন ক্যাডারের কর্মকর্তা এতে অংশগ্রহণ করেন। গত জানুয়ারি মাসে অনুষ্ঠিত কোর্সের উদ্বোধনী আয়োজনে প্রধান অতিথি ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) বদরুন নেছা, সিপিটিউ-এর মহাপরিচালক সোহেলের রহমান এবং ডিম্যাপ-সিডিপি প্রজেক্টের দলনেতা রিচার্ড লরেঞ্জ বিশেষ অতিথি ছিলেন। প্রশিক্ষণার্থীবৃন্দ তিনদিনের এই সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স হতে সরকারি ক্রয় পরিকল্পনার বিভিন্ন প্রক্রিয়া সম্পর্কে ধারণা অর্জন করেন।



বিসিএস প্রশাসন একাডেমির পাঠদান কক্ষসমূহের আধুনিকায়ণের লক্ষ্যে জাইকা বাংলাদেশ প্রতিনিধির সাথে দ্বিপাক্ষিক সভা




বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে এটুআই-এর সহায়তায় অনলাইনে অনুষ্ঠিত হয় এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেসি কোর্স

## সম্পাদনা পর্ষদ

**সভাপতি**

বদরুন নেছা
রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি

**সম্পাদক**

ড. মোঃ জাহাঙ্গীর আলম
মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা)

**সদস্য**

মোঃ নজরুল ইসলাম
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

মোহাম্মদ খালেদ রহীম
পরিচালক (গবেষণা ও প্রকাশনা)

মোঃ হামিদুল হক
পরিচালক (প্রশাসন)

**সদস্য সচিব**

মেহরুবা ইসলাম
উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা)

**সার্বিক তত্ত্বাবধানে**

তানিয়া মুন
প্রকাশনা কর্মকর্তা

**প্রকাশকাল**

জুন ২০২১

**বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি**
শাহবাগ, ঢাকা-১০০০
www.bcsadminacademy.gov.bd
ফোন : +৮৮ (০২) ৫৫১৬৫৯০১
ফ্যাক্স : +৮৮ (০২) ৫৫১৬৫৯২২
ই-মেইল : ddrp@bcsadminacademy.gov.bd